-৫৮-

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা
বার্ড এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১
৪র্থ কোয়ার্টার প্রতিবেদন এর প্রমাণক ক্রমিক নং ১.১

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী ২০২০-২০২১**

তারিখ: ২৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, ভারপ্রাপ্ত পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, উপ-পরিচালক (পল্লী অর্থনীতি), বার্ড;
৪। জনাব আবু তালেব, উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির চতুর্থ সভা অদ্য ২৭/০৬/২০২১ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৫/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত কমিটির ৩য় সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। মহাপরিচালক বলেন, মন্ত্রীপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১ জুলাই ২০২১ হতে নতুন আঙ্গিকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন শুরু হবে। নতুন কর্মপরিকল্পনাটি বাস্তবায়নে নৈতিকতা কমিটি যেন সঠিক দিকনির্দেশনা দিতে পারে সে লক্ষ্যে তিনি কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব আবদুল্লাহ আল হুসাইন-কে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। জনাব আবদুল্লাহ আল হুসাইন বার্ডের অনুমোদিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে চতুর্থ সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী আগামী অর্থবছরে মোট ৩টি অংশীজনের সভা আয়োজন করতে হবে। প্রথম কোয়ার্টারের সভাটি ৩১/০৮/২০২১ তারিখের মধ্যে আয়োজন করা হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ১.৫ (ক) স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত: বিভিন্ন নোটিস বোর্ড, প্রবেশ পথ এবং সমাবেশস্থলে স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত নির্দেশনা প্রদর্শন | আগামী ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে একাডেমির অফিস এলাকার দুটি প্রবেশপথ, ১টি মিলনায়তন, ২টি সম্মেলন কক্ষ, ২টি শ্রেণিকক্ষ, এবং ১টি ক্যাফেটেরিয়ার অভ্যন্তরে স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রানৃত নির্দেশনা প্রদর্শন করার ব্যবস্থা করা হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ১.৫ (খ) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি সংক্রান্ত: রোস্টার অনুসরণ করে ক্যাম্পাসের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ | বার্ড অফিস কম্পাউন্ড তথা ক্যাম্পাস এলাকার পরিস্কার-পরিচ্ছন্নতার কাজটি পরিচারক এবং বাগান শাখার কর্মীদের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। পরিস্কার-পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত কর্মীদের সমন্বয়ে এলাকাভিত্তিক পরিস্কার-পরিচ্ছন্নতা কাজ নিশ্চিতকরণে আগামী | বাগান শাখা, অবধায়ন শাখা |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| | ৩০১/০৮/২০২১ তারিখের মধ্যে একটি রোস্টার প্রণয়ন করা হবে এবং রোস্টারভিত্তিক কর্মীগণ পরিস্কার-পরিচ্ছন্নতার কাজটি সমাধান করবেন। | |
| ২.১। ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | আগামী ৩০/০৭/২০২১ তারিখের মধ্যে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) বার্ডের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। সে লক্ষ্যে, সংশ্লিষ্ট সকলকে আগামী **২৭/০৭/২০২১** তারিখের মধ্যে নিজ নিজ শাখা/প্রকল্পের ২০২১-২০২২ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা পরিচালক (প্রশাসন)/পরিচালক (প্রকল্প) এর নিকট প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রকল্প) |
| ৩.২। একাডেমির কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে তথা অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়নে বার্ষিক পরিকল্পনা ও মূল্যায়ন সম্মেলন আয়োজন | আসন্ন বার্ষিক পরিকল্পনা সম্মেলনটি ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে আয়োজন করার জন্য পরিচালক (প্রশিক্ষণ) কে অনুরোধ করা হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ৩.৩। RFQ এবং OTM পদ্ধতিতে ক্রয়কৃত পণ্যের গুণগত মান এবং সংখ্যা বার্ডের মানযাচাই কমিটির মাধ্যমে যাচাই নিশ্চিতকরণ | RFQ এবং OTM পদ্ধতিতে সম্পন্ন প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে বার্ডের গুণগত মান যাচাই কমিটি একটি প্রতিবেদন দাখিল করবেন। ক্রয়ের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/শাখা উক্ত প্রতিবেদনের কপি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট এর নিকট সময়ে সময়ে প্রেরণ করবেন। | পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রকল্প) |
| ৩.৪। হোস্টেল ও বাগান শাখায় পণ্য ও সেবা গ্রহীতার নিকট হতে আদায়কৃত অর্থের বিপরীতে রশিদ প্রদান নিশ্চিতকরণ | পণ্য ও সেবা গ্রহীতার নিকট হতে আদায়কৃত অর্থের বিপরীতে ১০০% রশিদ প্রদান নিশ্চিতকরণে হোস্টেল ও বাগান শাখাকে অনুরোধ করা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩.৫। সম্পদের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণের স্বার্থে বিভিন্ন শাখার মালামালের ভৌত মজুদ পরীক্ষণ | বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী আগামী অর্থবছরের ২য় কোয়ার্টারে ২টি এবং ৩য় ও ৪র্থ কোয়ার্টারে ১টি করে মোট ৪টি শাখা/বিভাগের মালামালের ভৌত মজুদ পরীক্ষণ করতে হবে। প্রশাসন বিভাগ এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করবে। | পরিচালক (প্রশাসন) |

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৭/২০২১

(আবদুল্লাহ আল হুসাইন)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

২৯/৭/২১

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা
বার্ড এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১
৪র্থ কোয়ার্টার প্রতিবেদন এর প্রমাণক ক্রমিক নং ১.১

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

## নৈতিকতা কমিটির ৪র্থ সভার উপস্থিতির তালিকা

তারিখ: ২৭/০৬/২০২১ খ্রিস্টাব্দ

স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

সভাপতি: মহাপরিচালক, বার্ড

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মো: সফিকুল ইসলাম | পরিচালক | [signature] |
| ২. | [illegible] | পরিচালক ([illegible]) | [signature] |
| ৩. | আবদুল্লাহ আল হুসাইন | উপ-পরিচালক | [signature] |
| ৪. | মো. আবু তালেব | উপ-পরিচালক | [signature] ২৭/৬/২০২১ |
| ৫. | ফারুক হোসেন | সহকারী পরিচালক | [signature] 27.06.2021 |
| ৬. | | | |
| ৭. | | | |
| ৮. | | | |
| ৯. | | | |
| ১০. | | | |